

## ■ رিয়ায়ুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৮: দীনে অটল থাকার গুরুত্ব

(8) – باب الاستقامة

আরবী

وعن أبي عمرو، وقيل: أبي عمرة سفيان بن عبد الله رضي الله عنه قال: قلت: يا رسول الله قل لي في الإسلام قولًا لا أسأله عنه أحدًا غيرك. قال: "قل آمنت بالله: ثم استقم" (رواه مسلم).

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ﴾ [هود: ١١٢]

অর্থাৎ “সুতরাং তুমি যেরূপ আদিষ্ট হয়েছ সেইরূপ সুদৃঢ় থাক।” (সূরা হুদ ১১২ আয়াত)

তিনি আরোও বলেন,

﴿إِنَّ الَّذِينَ قَالُوا رَبُّنَا اللَّهُ ثُمَّ أَسْتَقْمُوا تَنَزَّلُ عَلَيْهِمُ الْمَلَائِكَةُ أَلَا تَخَافُوا وَلَا تَحْزُنُوا وَأَبْشِرُوْا بِالْجَنَّةِ الَّتِي كُنْتُمْ تُوعَدُونَ ۚ ۳۰ ۳۰ نَحْنُ أَوْلَيَاؤْكُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْأُخْرَةِ وَلَكُمْ فِيهَا مَا تَشَاءُنَّهِي أَنْفُسُكُمْ وَلَكُمْ فِيهَا مَا تَدْعُونَ ۳۱ نُزُلًا مِنْنَا عَفْوٌ رَّحْمَنٌ ۳۲ ۳۰﴾ [فصلت: ۳۲، ۳۰]

অর্থাৎ “নিশ্চয় যারা বলে, ‘আমাদের প্রতিপালক আল্লাহ’ তারপর তাতে অবিচলিত থাকে, তাদের নিকট ফিরিশতা অবতীর্ণ হয় (এবং বলে), ‘তোমরা ভয় পেয়ো না, চিন্তিত হয়ো না এবং তোমাদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তার সুসংবাদ নাও। ইহকালে আমরা তোমাদের বন্ধু এবং পরকালেও; সেখানে তোমাদের জন্য সমস্ত কিছু রয়েছে যা তোমাদের মন চায়, যা তোমরা আকাঙ্ক্ষা কর। চরম ক্ষমাশীল, পরম দয়ালু আল্লার পক্ষ হতে এ হবে আপ্যায়ন।’” সূরা হা-মীম সিজদা ৩০-৩২ আয়াত)

তিনি অন্যত্রে বলেন,

﴿إِنَّ الَّذِينَ قَاتَلُوا رَبِّنَا أَللَّهُ تُمَّ أُسْتَقْمُوا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْذَرُونَ ۚ ۱۳ أُولَئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۚ ۱۴ خَلِدِينَ فِيهَا جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ ۚ﴾ [الاحقاف: ۱۴، ۱۳]

অর্থাৎ “নিশ্চয় যারা বলে, আমাদের প্রতিপালক আল্লাহ অতঃপর এই বিশ্বাসে অবিচলিত থাকে, তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না। তারাই জান্নাতের অধিবাসী সেখানে তারা চিরস্থায়ী হবে, এটাই তাদের কর্মফল।” (সূরা আহকাফ ১৩-১৪ আয়াত)

১/৮৬। আবু আমর (মতান্তরে) আবু আমরাহ সুফিয়ান ইবনু আব্দুল্লাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, আমি বললাম, 'হে আল্লাহর রাসূল! আপনি আমাকে ইসলামের এমন একটি কথা বলে দিন, যে সম্পর্কে আপনাকে ছাড়া অন্য কাউকে জিজ্ঞাসা না করতে হয়।' তিনি বললেন, 'তুমি বল, আমি আল্লাহর প্রতি স্বীকার আনলাম, অতঃপর (তার উপর) অনড় থাক।'[1]

## English

(8) Chapter: Uprightness and Steadfastness

Sufyan bin 'Abdullah (May Allah be pleased with him) reported:  
I said, "O Messenger of Allah, tell me something of Islam which I will not ask anyone else about it." He (ﷺ) said, "Say, 'I believe in Allah' and then be steadfast".

[Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ৩৮, তিরমিয়ী ২৪১০, ইবনু মাজাহ ৩৯৭২, আহমাদ ১৪৯৯০, ১৮৯৩৮, দারেমী ২৭১০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22388>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন